COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 6th Semester Examinations, 2022

BENGALI

প্রবন্ধ ও সমালোচনা সাহিত্য

CORE-14

সময়: ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'প্রবন্ধ'-কে সাধারণত কয়টি ভাগে ভাগ করা যেতে পারে ?

(খ) 'রম্যরচনা' কথাটি কোন্ ভাষার বাংলা প্রতিশব্দ হিসাবে এসেছে ?

(গ) বাংলা ভ্রমণ সাহিত্যের দুটি দৃষ্টান্ত দাও।

(ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি ভ্রমণ সাহিত্যের উদাহরণ দাও।

(ঙ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'স্মৃতির রেখা' কোন্ শ্রেণির রচনা ?

(চ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'শকুন্তলা, মিরন্দা এবং দেসদিমোনা' কোন্ ধরনের সমালোচনা পদ্ধতির উদাহরণ ?

(ছ) 'বাঙ্গালা কবিতা বিষয়ক প্রবন্ধ' কোন্ সভায় প্রথম পঠিত হয় ?

(জ) 'বাংলা কবিতা বিষয়ক প্রবন্ধ'-এ প্রাবন্ধিক ইউরোপীয় কোন্ গ্রন্থের সঙ্গে ভারতচন্দ্র রচিত বিদ্যাসুন্দরের তুলনা করেছেন ?

(ঝ) 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র ইংরেজ আমলের কোন্ বন্দোবস্তের কথা বলেছেন, যার ফলে ভারতবর্ষের অধিকাংশ ভূমির হার বৃদ্ধি হয়েছে ?

(ঞ) মোহিতলাল মজুমদারের 'আধুনিক বাংলা সাহিত্য' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয় ?

(ট) বুদ্ধদেব বসু 'রবীন্দ্রনাথ ও উত্তর সাধক' প্রবন্ধে কোন্ কবিকে 'স্বভাবতই স্বভাবকবি' বলেছেন ?

(ঠ) 'প্রবন্ধ' শব্দের দু'টি প্রতিশব্দ লেখো।

(ড) বেগম রোকেয়ার 'অলংকার না Badge of Slavery?' প্রবন্ধটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

(ঢ) বেগম রোকেয়ার তাঁর 'অলংকার না Badge of Slavery?' প্রবন্ধে আমাদের অলংকারগুলিকে কীসের নিদর্শন বলে মনে করেছেন ?

(ণ) গোপাল হালদার তাঁর 'সংস্কৃতির গোড়ার কথা' প্রবন্ধে সংস্কৃতির কয়টি অঙ্গের কথা বলেছেন ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) তুলনামূলক সমালোচনা বলতে কী বোঝো ?

(খ) রম্যরচনা কাকে বলে ? দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও।

(গ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের মতে বাংলা কবিতার সৌষ্ঠব বৃদ্ধি না হবার কারণ কী ?

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ঐতিহাসিক সমালোচনা বলতে কী বোঝো ? এই সম্পর্কে যা জান লেখো।

(খ) বঙ্কিমচন্দ্র 'দেশের শ্রীবৃদ্ধি' বলতে কী বুঝিয়েছেন, 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।

(গ) দৃষ্টান্ত সহযোগে বস্তুনিষ্ঠ ও ব্যক্তিনিষ্ঠ সমালোচনার বৈশিষ্ট্য উল্লেখ করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) প্রবন্ধের সংজ্ঞা দাও। বস্তুনিষ্ঠ প্রবন্ধ ও ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধের উদাহরণসহ তুলনামূলক আলোচনা করো।

(খ) ডায়েরি ও পত্রসাহিত্যের বৈশিষ্ট্য উল্লেখ করে উভয়ের তুলনামূলক আলোচনা করো।

(গ) সাধারণ গড়পড়তা উপন্যাসের তুলনায় 'অন্তঃশীলা' উপন্যাসের নির্মাণ কোথায় আলাদা, তা সুধীন্দ্রনাথ দত্তের 'অন্তঃশীলা' প্রবন্ধ অবলম্বনে নিজের ভাষায় লেখো।

——×——